ওঁ শ্রীপরমাত্মনে নমঃ

# শ্রীমদ্‌ভগবদ্‌গীতা

## (পদচ্ছেদ, অন্বয়, অনুবাদসহ)

( श्रीमद्भगवद्गीता पदच्छेद बँगला )

ত্বমেব মাতা চ পিতা ত্বমেব
ত্বমেব বন্ধুশ্চ সখা ত্বমেব।
ত্বমেব বিদ্যা দ্রবিণং ত্বমেব
ত্বমেব সর্বং মম দেবদেব॥

জয়দয়াল গোয়েন্দকা

3 Gita Padacheda (Bengla)_Section_1_1_Front



कृपासिन्धु भगवान् श्रीकृष्ण (Lord Kṛṣṇa, the ocean of mercy)

# নিবেদন

পরমপুরুষ শ্রীকৃষ্ণের অমর বাণী ও মহৎ চিন্তাধারা বিশ্বজনের মধ্যে প্রচার করার যে মহৎ ব্রত আমরা নিয়েছি বাংলা ভাষায় অনূদিত বর্তমান গ্রন্থটি তার একটি অঙ্গ। বাংলা ভাষায় শ্রীমদ্‌ভগবদ্‌গীতার অনুবাদ গ্রন্থ অনেক আছে। বর্তমান গ্রন্থটি সেইসব গ্রন্থের সমগোত্রীয় নয়। এটি স্বতন্ত্র। এই গ্রন্থে প্রত্যেকটি শ্লোকের ভাবানুবাদ উপস্থাপিত করা হয়নি। যা করা হয়েছে তা হল প্রত্যেকটি শ্লোকের প্রত্যেকটি শব্দের বাংলা অনুবাদ। পাঠক এই গ্রন্থ থেকে প্রত্যেকটি শব্দের অর্থ জানতে পারবেন এবং শব্দার্থগুলি পরপর সাজিয়ে সমগ্র শ্লোকের অর্থও জানতে পারবেন। তার ফলে শ্লোকগুলির শব্দার্থ এবং মর্মার্থ জানা পাঠকদের পক্ষে সহজতর হবে।

বইটি প্রথম প্রকাশিত হয়েছিল ১৯৭৫ সালে। স্বাভাবিকভাবেই তখন অনুবাদে লেখ্য ভাষা ব্যবহার করা হয়েছিল। ইতিমধ্যে কথ্য ভাষার বহুল প্রচলন হয়েছে। সেইজন্য এবং সাধারণ পাঠকবর্গের উপলব্ধির দিক্‌টি বিবেচনা করে বর্তমান প্রকাশনে কথ্য ভাষা প্রয়োগ করা হয়েছে।

আশা করি আমাদের এই প্রয়াস পাঠককুলের দ্বারা সমাদৃত হবে। এ সম্পর্কে তাঁদের চিন্তা ও প্রস্তাব সাদরে গৃহীত হবে।

—প্রকাশক